In the name of Allah, Most Gracious, Ever Merciful

সংবাদ বিজ্ঞপ্তি

শনিবার, ১০ অক্টোবর ২০১৫

Press Desk

Ahmadiyya Muslim Jamaat
INTERNATIONAL

আহমদীয়া মুসলিম জামা'ত প্রধানের নুনস্পীট,হল্যান্ড থেকে জুমু'আর খুতবা প্রদান

আত্মশুদ্ধির প্রয়োজনীয়তা ও এম.টি.এ.-র কল্যাণ সম্পর্কে হযরত মির্যা মসরূর আহমদ (আই.) এর আলোচনা

সাইয়্যেদেনা হযরত আমীরুল মুমিনীন খলিফাতুল মসীহ্ আল খামেস (আই.) ৯ অক্টোবর ২০১৫ হল্যান্ডের নুনস্পীট-এ অবস্থিত বাইতুন নূর মসজিদ থেকে সাপ্তাহিক জুমু'আর খুতবা প্রদান করেন।

প্রদত্ত খুতবায় হুযুর আনোয়ার (আই.) বলেন যে, প্রত্যেক আহমদী সদস্যকে নৈতিক এবং আধ্যাত্মিক উন্নতির জন্য সর্বদা সংগ্রাম করা উচিত এবং সমাজে শান্তির পতাকাবাহীর ভূমিকার পালনের চেষ্টা করা প্রয়োজন।

খলীফা বলেন যে, হল্যান্ডে বসবাসকারী সংখ্যাগরিষ্ঠ আহমদীয়া মুসলিম সদস্যরা পাকিস্তানি বংশোদ্ভূত, যারা নিজ দেশে ধর্মীয় নির্যাতনের সম্মুখীন হয়েছেন বলে হল্যান্ডে তাদের বসবাস করার জন্য অনুমতি দেয়া হয়েছে। আর এজন্য আহমদীয়াতের সত্যিকার শিক্ষাকে অনুসরণ করা তাদের গুরুদায়িত্ব।

হযরত মির্যা মসরূর আহমদ (আই .) বলেন:

"প্রতিশ্রুত মসীহ্ (আ.) বলেছেন যে, আহমদী মুসলমানদের শুধুমাত্র নিছক শব্দ বা দাবির মধ্যে নিজেদের সীমাবদ্ধ না রেখে তাদের অঙ্গীকারের প্রকৃত উদ্দেশ্য পূর্ণ করা উচিত। তিনি (আ.) বলেন যে,যদি তারা নিজেদের মধ্যে ইতিবাচক পরিবর্তন না আনে তবে অন্য মুসলমানদের থেকে তাদের স্বতন্ত্র বৈশিষ্ট্যসূচক কোন কিছু তাদের মধ্যে থাকবে না।"

Registered Address: 22 Deer Park Road, London, SW19 3TL UK
Tel/Fax: 020 8544 7613 Mob: 077954 90682 Email: press@ahmadiyya.org.uk

হযরত মির্যা মসরূর আহমদ (আই.) বলেন যে, প্রতিশ্রুত মসীহ্ (আ.) সকল আহমদী মুসলমানদের ইসলামের প্রকৃত শিক্ষা অনুযায়ী নিজেদের পরিচালিত করা ও সারা বিশ্বে ইসলামের প্রকৃত শিক্ষাকে ছড়িয়ে দেয়ার প্রতি দৃষ্টি আকর্ষণ করেন। তাই প্রত্যেক আহমদী মুসলামনের জন্য আবশ্যক যে তাদের ধর্ম বিশ্বাসের প্রকৃত জ্ঞান ও উপলব্ধী তারা অর্জন করেন।

হুযূর (আই.) বলেন হল্যান্ড বাসীরা স্থানীয় আহমদী মুসলানদের চরিত্র গভীরভাবে পর্যবেক্ষণ করবেন।

হযরত মির্যা মসরূর আহমদ (আই.) আরো বলেন,

“সম্প্রতি আমি আলমিরে একটি নতুন মসজিদের ভিত্তি প্রস্তর স্থাপন করি এবং সেখানে একটি সংক্ষিপ্ত বক্তব্য রাখি। সেখানে একজন ডাচ মহিলা বলেন যে, খলীফার মুখে কেবল শান্তির কথাই আমরা পেয়েছি যা প্রশংসার যোগ্য, তবে তাদের নেতা যা উচ্চারণ করলেন তা স্থানীয় আহমদীরা নিজেদের দৈনন্দিন জীবনে অনুশীলন করেন কিনা তা এখন পর্যবেক্ষণ করার বিষয়। সুতরাং এতে কোন সন্দেহ নেই যে এখানে বসবাসকারী আহমদী মুসলমানদের প্রতি দৃষ্টি রাখা হবে এবং এজন্য প্রত্যেক আহমদী সদস্যকে সর্বদা তাদের নিজেদের নৈতিক ও আধ্যাত্মিক মান মূল্যায়ন করতে হবে।”

হুযূর (আই.) এম.টি.এ. ইন্টারন্যাশনাল-এর গুরুত্ব সম্পর্কে আলোকপাত করতে গিয়ে হুযূর (আই.) বলেন যে, আহমদীয়া মুসলিম জামাতের প্রত্যেক সদস্যদের প্রতি শুক্রবার খলিফা প্রদত্ত জুমুআর খুতবা দেখার জন্য বিশেষ প্রচেষ্টা নেয়া উচিত।

সম্মানিত হুযূর (আই.)বলেন এম.টি.এ.-র মাধ্যমে সারা বিশ্বের আহমদী মুসলমানরা একতাবদ্ধ হয়ে খলীফার বাণী শোনার সুযোগ পান।

প্রায় তিন বছর পর হযরত মির্যা মসরূর আহমদ (আই.) প্রায় তিন বছর পর বর্তমানে হল্যান্ড সফরে আছেন। হুযূর (আই.) ডাচ জাতীয় সংসদে একটি বক্তৃতা প্রদান করেছেন এবং আল্মিয়ারে বাইতুল আফিয়াত নামক মসজিদের ভিত্তি প্রস্তর স্থাপন করেন।